



তালা (সাতক্ষীরা): তালায় রাঢ়ীপাড়া প্রাথমিক বিদ্যালয়ের বর্তমান চিত্র

তালায় অর্ধশত শিক্ষা প্রতিষ্ঠান পানিবন্দী

■ তালা (সাতক্ষীরা) সংবাদমত। তালায় বন্যা পরিস্থিতির অবনতি হচ্ছে। প্রায় ৮৫ হাজার মানুষ পানিবন্দি হয়ে পড়ার পাশাপাশি অর্ধশত শিক্ষা প্রতিষ্ঠানে পানি উঠেছে। এর মধ্যে অনেক খুলে প্রাস বন্ধ হয়ে যাওয়ায় পার্শ্ববর্তী বাড়িতে প্রাস চলছে। অনেকেই পড়া পানির মধ্যে হেঁটে কিংবা কলার ডেলা বানিয়ে কুপে যাচ্ছে। এদিকে পতঙ্গাল মসলবার সতালে বন্যার্ত এলাকা চরকানাইদিয়া গ্রামে শেষ সামুদ্রিক রহমান (৮০) নামের এক কৃষকের মৃত্যু হয়েছে। চারিদিকে শুষ্ক পানি আর পানি থাকায় তাকে পার্শ্ববর্তী উঁচু ভিটায় দাফন করা হয়েছে। অনেকেই খাতি ছেড়ে রাজার উপর আশ্রয় নিয়েছে। স্যানিটেশন ব্যবস্থা ভেঙে পড়ার পাশাপাশি ছড়িয়ে পড়েছে বিভিন্ন পানিবাহিত রোগ।

পতঙ্গাল মসলবার সতালে মরেজবিনে গিয়ে দেখা যায়,

অপারবন্দ্যায় নিমজ্জিত হয়ে প্রায় অর্ধশত খুল পানির নিচে ডুবে আছে। এর মধ্যে রাঢ়ীপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, ওমরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, ডকানীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, ইসলাবতগাটি দাখিস মাদ্রাসা, উত্তর ঘোনা প্রাথমিক বিদ্যালয়, শরাইল সরকারি প্রাথমিক বিদ্যালয়, নওয়াপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, নওয়াপাড়া বাধানিক বিদ্যালয়, সোনারবাংসা হাইস্কুল, মাঝিগাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, সোনারবাথান প্রাথমিক বিদ্যালয়, রাজনগরচক প্রাথমিক বিদ্যালয়, কুলপোতা প্রাথমিক বিদ্যালয়, দরমুড়াগাছা সরকারি প্রাথমিক বিদ্যালয়, পারকুমিরা সরকারি প্রাথমিক বিদ্যালয়, পাবতলী সরকারি প্রাথমিক বিদ্যালয়, সমনতাল্লা সরকারি প্রাথমিক বিদ্যালয়, গোয়ালপোতা সরকারি প্রাথমিক

বিদ্যালয়, বেজতাল্লা সরকারি প্রাথমিক বিদ্যালয়, তালা টেকনিক্যাল স্কুল, গোনালী অগ্রগামী বালিকা বিদ্যালয়, গঙ্গারামপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়সহ প্রায় অর্ধশত শিক্ষা প্রতিষ্ঠান কন-বেশি পানির নিচে ডুবে আছে। তালা উপজেলা মহাকারী শিক্ষা কর্মকর্তা মোঃ বাবুল রহমান ও জিএম গোলাম মোস্তফা জানান, জলাবদ্ধতার কারণে কুলের কার্যক্রম দারুণভাবে ব্যাহত হচ্ছে।

সম্প্রতি কয়েকদিনের টানা বর্ষা আর কপোতাক্ষের উপচনো পানিতে তালা উপজেলার ৮০ টি গ্রামের ১৭ হাজার পরিবারের প্রায় ৮৫ হাজার মানুষ পানিবন্দি হয়ে পড়েছে। ভেসে গেছে কয়েক হাজার বিঘার চিরুড়ি খেঁর ও ফসলের ক্ষেত। মানুষ ও গবাদিপশুর খাদ্য সঙ্কট বেড়েছে। অনেকেই আশ্রয়হীন হয়ে মানবের্তর জীবনধারণ করছে।